ঢাকা বিশ্ববিদ্যালয় বার্তা

৩১ বর্ষ ১৫তম সংখ্যা | ওয়েব সাইট : http://www.du.ac.bd (DU Barta) | ৩১ শ্রাবণ ১৪২৪, ১৫ আগস্ট, ২০১৭

জাতীয় শোক দিবস উপলক্ষে গত ১৫ আগস্ট ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের নেতৃত্বে বিশ্ববিদ্যালয় শিক্ষক এবং কর্মকর্তা-কর্মচারীগণ ধানমন্ডিস্থ বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

জাতীয় শোক দিবস পালিত

বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র উদ্‌ঘাটনে উচ্চ পর্যায়ের কমিশন গঠন করুন– উপাচার্য

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হত্যা রহস্য ও ষড়যন্ত্র উদ্‌ঘাটনে উচ্চ পর্যায়ের কমিশন গঠনের জন্য সরকারের প্রতি আহ্বান জানিয়েছেন। জাতীয় শোক দিবস উপলক্ষে ১৫ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আয়োজিত এক আলোচনা সভায় সভাপতির বক্তব্যে তিনি এ আহ্বান জানান।

আলোচনা সভায় প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. এ এস এম মাকসুদ কামাল, সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো: রহমত উল্লাহ, অফিসার্স এসোসিয়েশনের সভাপতি সৈয়দ আলী আকবর, সাবেক উপ-রেজিস্ট্রার এ কে এম আমির হোসেন মিয়াসহ কর্মচারী সমিতি, কারিগরি কর্মচারী সমিতি ও চতুর্থ শ্রেণী কর্মচারী ইউনিয়নের নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান অনুষ্ঠান সঞ্চালন করেন।

জাতীয় শোক দিবস উপলক্ষে গত ১৫ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে আলোচনা সভায় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সভাপতির বক্তব্য রাখেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, তাঁকে হত্যার পেছনে জাতীয় ও আন্তর্জাতিক ষড়যন্ত্র ছিল। এই ষড়যন্ত্রের বিস্তারিত তথ্য আমাদের জাতীয় ইতিহাসে সন্নিবেশিত হওয়া প্রয়োজন। এই হত্যা রহস্যের উদ্‌ঘাটন এখন সময়ের দাবী। ১৯৭৫ সালের ১৫ আগস্টকে অভিশপ্ত দিন হিসাবে আখ্যায়িত করে তিনি বলেন, এই দিনে বঙ্গবন্ধুর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আগমনের কথা ছিল। কিন্তু তাঁর আর বিশ্ববিদ্যালয়ে আসা হয়নি। এর আগেই ঘাতকদের নির্মম বুলেটে তাঁকে শাহাদাৎ বরণ করতে হয়। উপাচার্য বঙ্গবন্ধু চরিত্রের বিভিন্ন দিক তুলে ধরে বলেন, তিনি অত্যন্ত ভালো *(২য় পৃষ্ঠায় দেখুন)

১ম বর্ষ সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে ভর্তির আবেদন কার্যক্রম শুরু

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন প্রক্রিয়া গত ৭ আগস্ট ২০১৭ থেকে শুরু হয়েছে। আগামী ২৯ আগস্ট ২০১৭ রাত ১০:০০টা পর্যন্ত এই প্রক্রিয়া অব্যাহত থাকবে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক কেন্দ্রীয় ভর্তি অফিসে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এই ভর্তি কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেন।

এসময় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. ইফতেখার উদ্দিন চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন, অনলাইন ভর্তি কমিটির আহ্বায়ক অধ্যাপক ড. হাসিবুর রশীদ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারম্যান, বিভিন্ন ইনস্টিটিউটের পরিচালক, বিভিন্ন হলের প্রভোস্ট, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এবং সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

ভর্তি প্রক্রিয়া উদ্বোধন করে উপাচার্য বলেন, এ বছর ছাত্র-ছাত্রীদের আবেদনের যোগ্যতা গতবারের মতোই রাখা হয়েছে। কিছু নতুন বিভাগ চালু হওয়ায় এবং কিছু বিভাগ ও ইনস্টিটিউটে আসন বৃদ্ধি করায় মোট আসনের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। পরীক্ষার হলে ক্যালকুলেটর, মোবাইল ফোন বা টেলিযোগাযোগ করা যায় এরূপ কোন ইলেক্ট্রনিক ডিভাইস/যন্ত্র/ঘড়ি সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষা চলাকালে মোবাইল কোর্ট দায়িত্ব পালন করবে।

এ শিক্ষাবর্ষে মোট আসন সংখ্যা রয়েছে ৭০৫৩টি। এর মধ্যে ক-ইউনিটে ১৭৬৫টি, খ-ইউনিটে ২৩৬৩টি, গ-ইউনিটে ১২৫০টি, ঘ-ইউনিটে ১৫৪০টি এবং চ-ইউনিটে ১৩৫টি আসন রয়েছে। গত বছর এ সংখ্যা ছিল ৬৮০০টি। এছাড়া, জাপান স্টাডি বিভাগেও এবছর শিক্ষার্থী ভর্তি করা হবে বলে উপাচার্য জানান। এই বিভাগে আসন রয়েছে ৩০টি।

এ বছরও ব্যাংক সার্ভিস চার্জ ও অনলাইন সার্ভিস ফিসহ *(৩য় পৃষ্ঠায় দেখুন)

বিশেষ সিনেট অধিবেশন

ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের এক বিশেষ অধিবেশন গত ২৯ জুলাই ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে অনুষ্ঠিত হয়েছে। অধিবেশনে সভাপতিত্ব করেন ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের চেয়ারম্যান এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

সিনেটের বিশেষ অধিবেশনে ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ১১(১) ধারা অনুযায়ী মহামান্য চ্যান্সেলর কর্তৃক বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর নিয়োগের জন্য সর্বসম্মতিক্রমে ৩ (তিন) জনের একটি প্যানেল মনোনয়ন করা হয়। প্যানেলে মনোনীতরা হলেন : অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক (গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ, ঢা:বি:), অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীন (ইন্টারন্যাশনাল বিজনেস বিভাগ, ঢা:বি:) এবং অধ্যাপক ড. মোঃ আব্দুল আজিজ (থিওরিটিক্যাল এন্ড কম্পিউটেশনাল কেমিস্ট্রি বিভাগ, ঢা:বি:)।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় আদেশ, ১৯৭৩ এর আর্টিক্যাল ২১(২) ধারায় অর্পিত ক্ষমতাবলে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক সিনেটের এই বিশেষ অধিবেশন আহ্বান করেন।

বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের আলোচনা সভা

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে আমাদের সকলকে কাজ করে যেতে হবে-উপাচার্য

বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদের আয়োজনে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে গত ১ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক বিশেষ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রী এবং বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের এমপি। বিশেষ অতিথি ছিলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ও প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা ড. মো: মসিউর রহমান। পরিষদের সভাপতি ড. মো: শামছুল হক ভূঁইয়া এমপি'র সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন পরিষদের সাধারণ সম্পাদক ও ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেট সদস্য এস এম বাহালুল মজনুন চুন্নু, বঙ্গবন্ধু সমাজকল্যাণ পরিষদ ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি অধ্যাপক ড. অসীম সরকার, পরিষদের সহ-সভাপতি জহির উদ্দিন ভূইয়া, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. মো. রহমত উল্লাহ প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জগন্নাথ বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়, চট্রগ্রাম *(২য় পৃষ্ঠায় দেখুন)

গত ৩১ জুলাই ২০১৭ রাত ১২টা ১ মিনিটে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলে শোকাবহ আগস্ট মাসের সূচনালগ্নে জাতির জনকের প্রতিকৃতিতে পুস্পস্তবক অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় হলের প্রভোস্ট অধ্যাপক মফিজুর রহমানসহ হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

গত ৩১ জুলাই ২০১৭ রাত ১২টা ১ মিনিটে শোকাবহ আগস্ট মাসের সূচনালগ্নে বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলে মোমবাতি প্রজ্বলন করে বঙ্গমাতার প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় হলের প্রাধ্যক্ষা অধ্যাপক ড. জাকিয়া পারভীনসহ হলের আবাসিক শিক্ষক, কর্মকর্তা ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ডিইউএসএস সায়েন্স ফেস্টিভ্যাল

ঢাকা বিশ্ববিদ্যালয় সায়েন্স সোসাইটির (ডিইউএসএস) আয়োজনে বাৎসরিক বিজ্ঞান উৎসব "ডিইউএসএস সায়েন্স ফেস্টিভ্যাল-২০১৭"-এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান গত ৪ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিজ্ঞান ও প্রযুক্তিমন্ত্রী স্থপতি ইয়াফেস ওসমান।

এসময় আরও উপস্থিত ছিলেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, বিশ্ববিদ্যালয় রোবটিক্স এন্ড মেকাট্রনিক্স ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক লাফিফা জামাল প্রমুখ।

উল্লেখ্য, সকালে ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে দিনব্যাপী "ডিইউএসএস সায়েন্স ফেস্টিভ্যাল-২০১৭"-এর উদ্বোধন করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান।

জিয়াউদ্দিন-এর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

একাত্তরের মুক্তিযুদ্ধে ৯ নম্বর সেক্টরের সুন্দরবন সাব-সেক্টর কমান্ডার ও জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হত্যা মামলার অন্যতম সাক্ষী মেজর (অব.) জিয়াউদ্দিন আহমেদ-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, মুক্তিযোদ্ধা হিসেবে মেজর জিয়াউদ্দিন আহমেদ জাতির একজন কৃতী ও শ্রেষ্ঠ সন্তান। তরুণ বয়স থেকেই তিনি রাজনীতি সম্পৃক্ত পরিবারের সদস্য হিসেবে গণসচেতন ছিলেন। বাংলাদেশের মুক্তিযুদ্ধসহ গণতান্ত্রিক আন্দোলন-সংগ্রামে তাঁর অনবদ্য ভূমিকার জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন।

উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

মুক্তিযোদ্ধা জিয়াউদ্দিন আহমেদ ১৯৫০ সালের ডিসেম্বরে পিরোজপুর শহরে জন্মগ্রহণ করেন। তাঁর বাবা আফতাব উদ্দিন আহমেদ পিরোজপুর পৌরসভার চেয়ারম্যান ও মহকুমা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা ছিলেন।

উল্লেখ্য, মেজর জিয়াউদ্দিন আহমেদ গত ২৮ জুলাই ২০১৭ ভোর চারটার দিকে সিঙ্গাপুরের মাউন্ট এলিজাবেথ হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৬৭ বছর। মৃত্যুকালে তিনি স্ত্রী, দুই ছেলে ও দুই মেয়েসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলামের মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ



ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলমের মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন। এক শোকবাণীতে উপাচার্য বলেন, অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম একজন মেধাবী শিক্ষক ছিলেন। তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার বিশেষজ্ঞ হিসেবে তিনি বিশেষ পরিচিত ছিলেন। উপাচার্য মরহুমের রূহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম ১৯৭৫ সালের ১ জুলাই ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্যবিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে প্রভাষক হিসেবে যোগদান করেন এবং ১৯৭৮ সালের ১২ ডিসেম্বর সহকারী অধ্যাপক, ১৯৮৮ সালের ১৭ এপ্রিল সহযোগী অধ্যাপক এবং ১৯৯৩ সালের ২১ জুলাই অধ্যাপক পদে উন্নিত হন। অধ্যাপক ড. কে এম সাইফুল বিভাগীয় চেয়ারম্যান হিসেবে ১৯৮৮ থেকে ১৯৯০ সাল পর্যন্ত দায়িত্ব পালন করেন। তিনি ২০০৯ সালের ২৯ জুন বিশ্ববিদ্যালয় থেকে অবসর গ্রহণ করেন।

উল্লেখ্য, অধ্যাপক ড. কে এম সাইফুল ইসলাম গত ৩১ জুলাই ২০১৭ হৃদরোগজনিত কারণে মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৬৮ বছর।

কাজি লিয়াকাত আলীর মৃত্যুতে উপাচার্যের শোক প্রকাশ

ঢাকা বিশ্ববিদ্যালয় জনসংযোগ দফতরের অবসরপ্রাপ্ত শাখা অফিসার কাজি লিয়াকাত আলী-এর মৃত্যুতে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গভীর শোক প্রকাশ করেছেন।

এক শোকবাণীতে উপাচার্য বলেন, কাজি লিয়াকাত আলী বিশ্ববিদ্যালয়ের একজন নিষ্ঠাবান কর্মকর্তা ছিলেন। উপাচার্য মরহুমের রুহের মাগফেরাত কামনা করেন এবং তাঁর পরিবারের শোক-সন্তপ্ত সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

উল্লেখ্য, কাজি লিয়াকাত আলী গত ১৮ জুলাই ২০১৭ মঙ্গলবার মৃত্যুবরণ করেন। তাঁর বয়স হয়েছিল ৮৭ বছর।

সামাজিক বিজ্ঞান অনুষদে সেমিনার

ঢাকা বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান অনুষদের উদ্যোগে গত ৩০ জুলাই ২০১৭ মুজাফফর আহমদ চৌধুরী মিলনায়তনে অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. শফিউল আলম ভূইয়ার সভাপতিত্বে এবং ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মোহাম্মদ আবু ইউসুফের সঞ্চালনায় 'সামাজিক বিজ্ঞান অনুষদ সেমিনার' সিরিজের প্রথম অধিবেশন অনুষ্ঠিত হয়।

এতে ডেভেলপমেন্ট স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ড. আসিফ মোহাম্মদ শাহান "From Autonomy to Relevance: The Evolution of Government Accountability office" শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন। ড. শাহান তার প্রবন্ধে Supreme Audit Institution গুলোর Challenge সম্পর্কে আলোকপাত করেন এবং এই প্রতিষ্ঠানগুলো কিভাবে তাদের Autonomy না হারিয়ে নীতি নির্ধারণে ভূমিকা রাখতে পারে সে সম্পর্কে আলোচনা করেন। তিনি মূলত মার্কিন যুক্তরাষ্ট্রের Government Accountability office-এর অভিজ্ঞতার আলোকে তার যুক্তি তুলে ধরেন। অনুষ্ঠানে অনুষদের বিভিন্ন বিভাগের শতাধিক শিক্ষার্থী এবং শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

বঙ্গবন্ধু হত্যার ষড়যন্ত্র

*(১ম পৃষ্ঠার পর) মানুষ ছিলেন। সৎ, উদার, দেশপ্রেমিক, সাহসী ও মানবিক মূল্যবোধ সম্পন্ন মহান নেতা ছিলেন তিনি। মানুষকে তিনি অত্যন্ত ভালোবাসতেন। সাধারণ মানুষের ভাগোন্নয়নের সংগ্রামে তিনি মৃত্যু, জেল, জুলুমকে কখনও ভয় পাননি। আমাদের গর্ব, এ ধরণের নেতা আমরা পেয়েছিলাম। ঢাকা বিশ্ববিদ্যালয় ৪র্থ শ্রেণী কর্মচারীদের পক্ষে আন্দোলন করতে গিয়ে ১৯৪৯ সালের ২৬ মার্চ তিনি ছাত্রত্ব হারান। বঙ্গবন্ধু পরবর্তীতে জাতীয় রাজনীতিতে যুক্ত হন এবং ২৪ বছর সংগ্রাম করে আমাদের স্বাধীন দেশ উপহার দেন। আজীবন তিনি আভিজাত্য নিয়ে রাজনীতি করেছেন। ১৯৭৫ সালের ১৫ আগস্ট ঘাতকদের বুলেটের সামনেও তিনি অবিচল ছিলেন। এই আভিজাত্য নিয়েই তিনি মৃত্যুকে আলিঙ্গন করেন। উপাচার্য বলেন, ১৫ আগস্টকে শুধু আনুষ্ঠানিকতার মধ্যে সীমাবদ্ধ না রেখে বঙ্গবন্ধুর জীবন ও কর্ম থেকে আমাদের শিক্ষা নিতে হবে। বঙ্গবন্ধুর আদর্শ অনুসরণের মাধ্যমে দুঃখী মানুষের মুখে হাসি ফোটাতে ঐক্যবদ্ধভাবে কাজ করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যাপক কর্মসূচী গ্রহণ করে। কর্মসূচীর মধ্যে ছিল- সকল ভবন ও হলে জাতীয় পতাকা অর্ধনমিত রাখা ও কালো পতাকা উত্তোলন, বঙ্গবন্ধু স্মৃতি জাদুঘরে জাতির জনকের প্রতিকৃতিতে শ্রদ্ধাঞ্জলি নিবেদন, আলোচনা সভা, আলোকচিত্র প্রদর্শনী, শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতা প্রভৃতি। উপাচার্য ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি আয়োজিত আলোকচিত্র প্রদর্শনী এবং চারুকলা অনুষদ আয়োজিত শিশু-কিশোর চিত্রাঙ্কন প্রতিযোগিতার উদ্বোধন করেন। বাদ যোহর ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় মসজিদসহ প্রত্যেক হল ও আবাসিক এলাকার মসজিদে দোয়া মাহফিল এবং বিভিন্ন ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হয়।

বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা

*(১ম পৃষ্ঠার পর) বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতৃবৃন্দসহ পরিষদের বিভিন্ন জেলার নেতৃবৃন্দ।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক তাঁর বক্তৃতায় ১৫ আগস্টে মর্মান্তিকভাবে নিহত বঙ্গবন্ধুসহ তার পরিবার এবং মুক্তিযুদ্ধে ৩০ লক্ষ শহীদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করে বলেন, বঙ্গবন্ধুকে যারা হত্যা করেছে তারা ভেবেছে তাঁর মৃত্যুতে সব শেষ হয়ে গেছে, কিন্তু তারা জানেনা বঙ্গবন্ধুর আদর্শ, দর্শন ও চেতনা সারা বাংলা থেকে কোনভাবেই মুছে ফেলা সম্ভব নয়। পাকিস্তান প্রতিষ্ঠার অল্প কিছুদিন পরেই যখন বঙ্গবন্ধু তরুন ছাত্রনেতা, তখনই তিনি বলেছিলেন, বাঙালীর মুক্তি শুধুমাত্র এই অঞ্চলের স্বাধীনতার মাধ্যমেই সম্ভব। বাঙালীর মুক্তির প্রয়োজনে, স্বাধীনতার প্রয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান তাঁর লক্ষ্য থেকে কখনও সরে দাঁড়াননি। বঙ্গবন্ধু আজও আমাদের সবার মাঝেই আছেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা বাস্তবায়নে আমাদের সকলকে কাজ করে যেতে হবে। ১৬ কোটি মানুষ যদি আজ বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার সাথে কাজ করতে পারি, তাহলেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়া সম্ভব।

প্রধান অতিথির বক্তৃতায় ওবায়দুল কাদের এমপি বলেন, রক্তাক্ত ১৫ আগস্টের স্মৃতি আবারও ফিরে এসেছে। আগস্ট এলে আমাদের ভালবাসার অশ্রু ঝরে। ইতিহাসের মহানায়ক জাতির জনক বঙ্গবন্ধুর জীবন থেকে আমরা ক'জন শিক্ষা নিতে পেরেছি ? এই ভূখন্ডে তাঁর মতো সাহসী ও সৎ নেতা আর নেই। বাস্তবজীবনে এবং রাজনৈতিক জীবনে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করতে হবে। আবেগপ্রবণ হয়ে তিনি বলেন, শুধু চোখের জলে মুজিব প্রেমী হয়ে লাভ নেই, যদি চেতনায় মুজিব সৈনিক হতে না পারি। যদি আমরা চেতনায় ধারণ করে থাকি, তাহলে আমাদের জীবনে, রাজনীতিতে তার প্রতিফলন দেখাতে হবে। সে উদাহরণ আজ কোথায়? বিলবোর্ড, ব্যানারে বঙ্গবন্ধুর ছবি ব্যবহার করে নিজেকে প্রচার করা থেকে বিরত থাকতে নতুন প্রজন্মের নেতৃবৃন্দের প্রতি তিনি আহবান জানান। ওবায়দুল কাদের আরও বলেন, শোকের মাসের গাম্ভীর্য বজায় রাখুন, বঙ্গবন্ধুকে স্মরণ করতে গিয়ে তাঁকে ছোট করবেন না, অসম্মান করবেন না।

জাতীয় শোক দিবস উপলক্ষে গত ১৫ আগস্ট ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র চত্বরে ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি আয়োজিত "বঙ্গবন্ধু ও বাংলাদেশ" শীর্ষক এক আলোকচিত্র প্রদর্শনী পরিদর্শন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

গত ২৯ জুলাই ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় জগন্নাথ হলে "শ্রীশ্রীমন্ শ্রীকৃষ্ণচৈতন্য মহাপ্রভুর সমাজদর্শন : প্রসঙ্গ ও প্রাসঙ্গিকতা" শীর্ষক এক আন্তর্জাতিক সেমিনারের উদ্বোধন করেন প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটনমন্ত্রী রাশেদ খান মেনন এমপি। অনুষ্ঠানের আয়োজন করে 'জয় মহাপ্রভু সেবক সংঘ' বাংলাদেশ কেন্দ্রীয় পরিষদ।

ঢাকা ইউনিভার্সিটি ফটোগ্রাফিক সোসাইটি (ডিইউপিএস) ও বাংলাদেশ শিল্পকলা একাডেমির যৌথ আয়োজনে তিন দিনব্যাপী '৪র্থ জাতীয় আলোকচিত্র উৎসব-২০১৭'-এর সমাপনী অনুষ্ঠান গত ৩১ জুলাই ২০১৭ বাংলাদেশ শিল্পকলা একাডেমিতে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বিশিষ্ট আলোকচিত্রী নাসির আলী মামুনকে 'আজীবন সম্মাননা' প্রদান করেন। ছবিতে উপাচার্যের সাথে ডিইউপিএস'র সদস্যদের দেখা যাচ্ছে।

চারুকলা অনুষদের অঙ্কন ও চিত্রায়ণ বিভাগের ছাত্র-ছাত্রীদের বার্ষিক চিত্রকলা প্রদর্শণী-২০১৭ গত ৭ আগস্ট ২০১৭ চারুকলা অনুষদের জয়নুল গ্যালারীতে উদ্বোধন করা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রদর্শনীর উদ্বোধন করেন। অনুষদের ডিন অধ্যাপক নিসার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক জামাল আহমেদ এবং অধ্যাপক ড. ফরিদা জামান। ছবিতে অতিথিদের সাথে পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থী ও বিভাগীয় শিক্ষকদের দেখা যাচ্ছে।

আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের "Post-Graduate Diploma in International RelationsSpring-2017" শীর্ষক কোর্সের সার্টিফিকেট অ্যাওয়ার্ড অনুষ্ঠান গত ৫ আগস্ট ২০১৭ বিভাগীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো: আখতারুজ্জামান। বিশেষ অতিথি ছিলেন সামাজিক বিজ্ঞান অনুষদের ভারপ্রাপ্ত ডিন অধ্যাপক ড. এ জে এম শফিউল আলম ভূইয়া।

গত ৭ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের উচ্চশিক্ষা মান উন্নয়ন প্রকল্পের উদ্যোগে মোকাররম হোসেন খন্দকার বিজ্ঞান ভবনে "Food Safety and Quality for Better Heath" শীর্ষক দিনব্যাপী এক সিম্পোজিয়াম অনুষ্ঠিত হয়েছে। রসায়ন বিভাগে অধ্যাপক চেয়ারম্যান অধ্যাপক নীলুফার নাহার-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সিম্পোজিয়ামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান। এতে বিশেষ অতিথি ছিলেন বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. আবদুল আজিজ এবং রসায়ন বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মো. আজিজুর রহমান।

গত ১০ আগস্ট ২০১৭ অপরাজেয় বাংলার পাদদেশে ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরী কর্মচারী সমিতি উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক এর বিরুদ্ধে মিথ্যা অপপ্রচারের প্রতিবাদে মানববন্ধন করে। সভায় সভাপতিত্ব করেন মো. মোজাম্মেল হক। এসময় উপস্থিত ছিলেন সমিতির সাধারণ সম্পাদক মো. মাহবুব সরকার, সহ-সভাপতি মো. নিজাম উদ্দিন প্রমুখ।

উপাচার্যের সাথে বিদেশী অতিথিবৃন্দের সাক্ষাৎ

শ্রীলংকা ও মালয়েশিয়ার বিশেষজ্ঞ দল

বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের ৪-সদস্যবিশিষ্ট উচ্চলিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ দল গত ২৪ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে। প্রতিনিধিদলের সদস্যরা হলেন- শ্রীলংকার সাবারাগামুয়া বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. রোহানা, শ্রীলংকা সাউথ ইস্টার্ণ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. এস এম মোহামেদ ইসমাইল, ইউনিভার্সিটি সাইন্স মালয়েশিয়া'র অধ্যাপক ড. ফৌজিয়াহ আহমদ এবং ইউনিভার্সিটি মালয়েশিয়া পার্লিস-এর অধ্যাপক ড. জুরাইদাহ মোহা: জেইন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের পরিচালক অধ্যাপক ড. শেখ শামীমুল আলম সহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের চেয়ারম্যান ও দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের কয়েকজন বিশেষজ্ঞ শিক্ষক উপস্থিত ছিলেন ।

সাক্ষাৎকালে তারা উচ্চশিক্ষার গুণগত মান উন্নয়নের ওপর গুরুত্বারোপ করেন। এছাড়া, উচ্চশিক্ষা বিষয়ক পেশাগত প্রশিক্ষণ, কারিকুলামের আধুনিকায়ন ও পাঠদান পদ্ধতি উন্নয়নের ব্যাপারে আলোচনা করা হয়। উপাচার্য বলেন, দক্ষ ও আন্তর্জাতিক মানের স্নাতক তৈরীর জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের নিরীক্ষণ কার্যক্রমে অংশগ্রহণের জন্য তিনি বিদেশী বিশেষজ্ঞদের ধন্যবাদ জানান।

ডেনমার্কের অধ্যাপকদ্বয়

ডেনমার্কের আলবর্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মালেক মালুফ এবং অধ্যাপক ড. পিডার ভেং সোবার্গ গত ২৭ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো: আফতাব আলী শেখ, সহকারী অধ্যাপক সবুর আহমেদ এবং প্রভাষক অমল কান্তি দেব উপস্থিত ছিলেন ।

সাক্ষাৎকালে তাঁরা পারস্পরিক স্বার্থ-সংশ্লিষ্ট বিষয়াদি নিয়ে বিশেষ করে ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট, আলবর্গ বিশ্ববিদ্যালয় এবং ডানিডা'র যৌথ উদ্যোগে চামড়া শিল্পের উন্নয়ন সংক্রান্ত একটি প্রকল্প প্রণয়নের অগ্রগতি নিয়ে মত বিনিময় করেন। এসময় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক ডেনমার্কের অধ্যাপকদ্বয়কে জানান যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউট প্রশিক্ষিত ও দক্ষ গ্র্যাজুয়েট তৈরি করে বাংলাদেশের চামড়া শিল্পের উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা ও অবদান রাখছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি সংক্রান্ত শিক্ষা ও গবেষণা কার্যক্রমের প্রতি গভীর আগ্রহ প্রকাশের জন্য উপাচার্য অতিথিদ্বয়কে ধন্যবাদ জানান।

বাংলাদেশী অনারারি কনসাল

পোল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের অনারারি কনসাল মোহাম্মদ ওমর ফারুক গত ৩০ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় পোল্যান্ডের সাইলেসিয়া ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক ড. সাবিনা সোয়েটা এবং বাংলাদেশস্থ সেকায়েপ-এর কর্মকর্তা উজ্জ্বল হোসেন উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকালে তাঁরা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং পোল্যান্ডের সাইলেসিয়া ইউনিভার্সিটির মধ্যে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। এছাড়া, উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিক্ষক, শিক্ষার্থী ও গবেষক বিনিময়ের ব্যাপারে তাঁরা মত বিনিময় করেন।

উপাচার্য অধ্যাপক আরেফিন সিদ্দিক ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসা এবং এর সাথে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম গ্রহণে আগ্রহ প্রকাশের জন্য অতিথিদের আন্তরিক ধন্যবাদ জানান।

শ্রীলংকার অধ্যাপক

শ্রীলংকার মোরাটুয়া বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. গিহান দিয়াস গত ৯ আগস্ট ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

সাক্ষাৎকালে তারা ঢাকা বিশ্ববিদ্যালয় এবং শ্রীলংকার মোরাটুয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি বিষয়ে যৌথ শিক্ষা ও গবেষণা কার্যক্রম চালুর সম্ভাব্যতা নিয়ে আলোচনা করেন। উভয় বিশ্ববিদ্যালয়ের মধ্যে শিগ্‌গিরই একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যাপারেও তারা মত বিনিময় করেন।

ভারতের কলকাতা বিশ্ববিদ্যালয় রসায়ন বিভাগের প্রাক্তন অধ্যাপক ড. সুনীল কুমার তালাপাত্র এবং ড. বাণী তালাপাত্র গত ৮ আগস্ট ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তার অফিসে সৌজন্য সাক্ষাৎ করেন।

শ্রীলংকার মোরাটুয়া বিশ্ববিদ্যালয় কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের অধ্যাপক ড. গিহান দিয়াস গত ৯ আগস্ট ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন।

ডেনমার্কের আলবর্গ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মালেক মালুফ এবং অধ্যাপক ড. পিডার ভেং সোবার্গ গত ২৭ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করেন। এসময় ঢাকা বিশ্ববিদ্যালয় লেদার ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. মো: আফতাব আলী শেখ উপস্থিত ছিলেন ।

পোল্যান্ডে নিযুক্ত বাংলাদেশের অনারারি কনসাল মোহাম্মদ ওমর ফারুক গত ৩০ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেন। এসময় পোল্যান্ডের সাইলেসিয়া ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক ড. সাবিনা সোয়েটা এবং বাংলাদেশস্থ সেকায়েপ-এর কর্মকর্তা উজ্জ্বল হোসেন উপস্থিত ছিলেন।

বিশ্ব ব্যাংকের অর্থায়নে পরিচালিত ইনস্টিটিউশনাল কোয়ালিটি এস্যুরেন্স সেলের ৪-সদস্যবিশিষ্ট উচ্চলিক্ষা বিষয়ক বিশেষজ্ঞ দল গত ২৪ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সঙ্গে তাঁর অফিসে সাক্ষাৎ করেছে।

গত ৫ আগস্ট ২০১৭ ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য প্রযুক্তি ইনস্টিটিউটে লাইব্রেরির উদ্বোধন করেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। এসময় প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. নাসরীন আহমাদ, ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. কাজী মুহাইমিন-আস-সাকিবসহ ইনস্টিটিউটের শিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন। ছবিতে উপাচার্যকে ফিতা কেটে লাইব্রেরির উদ্বোধন করতে দেখা যাচ্ছে।

ঢাবি এবং ভারতের ই ওয়াই কোম্পানির মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর

'মিডল ম্যানেজমেন্ট ট্রেনিং প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প বাস্তবায়নের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউট (আইবিএ) এবং ভারতের আর্নস্ট এন্ড ইয়ং এলএলপি (ই ওয়াই) কোম্পানির মধ্যে গত ১০ আগস্ট ২০১৭ একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো: কামাল উদ্দীন এবং ই ওয়াই কোম্পানির প্রকল্প পরিচালক বিদ্যুৎ কান্তি ঠাকুর নিজ নিজ প্রতিষ্ঠানের পক্ষে এই চুক্তিতে স্বাক্ষর করেন।

কোষাধ্যক্ষ দফতরে আয়োজিত এই চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আইসিটি বিভাগের যুগ্ম-সচিব সরকার আবুল কালাম আজাদ, ঢাকা বিশ্ববিদ্যালয় ব্যবসায় প্রশাসন ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. এ কে এম সাইফুল মজিদ, সহযোগী অধ্যাপক শেখ মোর্শেদ জাহান, ড. মো: রিদওয়ানুল হক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার মো: এনামউজ্জামান প্রমুখ উপস্থিত ছিলেন।

এই সমঝোতা স্মারকের আওতায় ঢাকা বিশ্ববিদ্যালয় এবং ভারতের আর্নস্ট এন্ড ইয়ং এলএলপি (ই ওয়াই) কোম্পানি 'মিডল ম্যানেজমেন্ট ট্রেনিং প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প বাস্তবায়নে যৌথভাবে কাজ করবে। ই ওয়াই কোম্পানি এ ক্ষেত্রে কারিগরি বিশেষজ্ঞ ও আর্থিক সহযোগিতা প্রদান করবে। সফল প্রশিক্ষণার্থীদের সনদপত্র দেবে আইবিএ।

উল্লেখ্য, বাংলাদেশে তথ্য প্রযুক্তি শিল্পের উন্নয়নের লক্ষ্যে ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ের আইসিটি বিভাগের অধীনে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল 'মিডল ম্যানেজমেন্ট ট্রেনিং প্রোগ্রাম' শীর্ষক প্রকল্প গ্রহণ করেছে। এই প্রকল্প সমাপ্তির পর আইবিএ 'এ্যাডভান্সড সার্টিফিকেট ফর ম্যানেজমেন্ট প্রফেশনালস্' শীর্ষক কোর্সের পাঠদান অব্যাহত রাখবে।

১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি

*(১ম পৃষ্ঠার পর) ভর্তি পরীক্ষার ফি ৩৫০/-(তিনশত পঞ্চাশ) টাকা নির্ধারণ করা হয়েছে। টাকা জমা দেয়ার শেষ তারিখ ৩০ আগস্ট ২০১৭। 'গ' ও 'চ' ইউনিটের প্রবেশপত্র ডাইনলোড করা যাবে ৩০ আগস্ট বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত। 'ক', 'খ', 'ঘ' ইউনিটের প্রবেশপত্র ডাইনলোড করা যাবে ১২ সেপ্টেম্বর বিকাল ৩টা থেকে পরীক্ষার দিন সকাল ৯টা পর্যন্ত ।

বিস্তারিত তথ্য ওয়েব সাইটে (http://admission.eis.du.ac.bd) জানা যাবে। ইতোমধ্যেই ভর্তি বিজ্ঞপ্তি বিভিন্ন পত্রিকায় প্রকাশ করা হয়েছে।

এর আগে গত ৩ আগস্ট ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের সভাপতিত্বে ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেনীতে ভর্তি বিষয়ক সাধারণ ভর্তি কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্ত অনুযায়ী গ-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৫ সেপ্টেম্বর ২০১৭ শুক্রবার, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) ১৬ সেপ্টেম্বর ২০১৭ শনিবার, খ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২২ সেপ্টেম্বর ২০১৭ শুক্রবার, চ-ইউনিটের ভর্তি পরীক্ষা (অংকন) ২৩ সেপ্টেম্বর ২০১৭ শনিবার, ক-ইউনিটের ভর্তি পরীক্ষা ১৩ অক্টোবর ২০১৭ শুক্রবার এবং ঘ-ইউনিটের ভর্তি পরীক্ষা ২০ অক্টোবর ২০১৭ শুক্রবার অনুষ্ঠিত হবে।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয়ের কারিগরি সহায়তায় এ বছর চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ১ম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে অনলাইনের মাধ্যমে প্রার্থীদের ভর্তির আবেদন গ্রহণ প্রক্রিয়া পরিচালিত হবে।এ সংক্রান্ত বিস্তারিত তথ্য চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বিজ্ঞপ্তির মাধ্যমে অবগত করবে।

জাপানিজ স্টাডিজ বিভাগ খোলা হয়েছে

ঢাকা বিশ্ববিদ্যালয় সামাজিক বিজ্ঞান অনুষদের অধীনে 'জাপানিজ স্টাডিজ বিভাগ' নামে একটি নতুন বিভাগ খোলা হয়েছে। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক উক্ত বিভাগের প্রকল্প পরিচালক ও চেয়ারম্যান হিসেবে অর্থনীতি বিভাগের অধ্যাপক ড. আবুল বারকাতকে নিযুক্ত করেছেন।

প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগে বই প্রদান

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীদের ব্যবহারের জন্য বিভাগের খণ্ডকালীন শিক্ষক ড. বিমল গুহ ১০টি বই প্রদান করেছেন। এসব বই গত ১৬ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে হস্তান্তর করা হয়।

উপাচার্য লাউঞ্জে আয়োজিত এই বই হস্তান্তর অনুষ্ঠানে প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের চেয়ারম্যান ড. সুধাংশু শেখর রায় সহ বিভাগীয় শিক্ষকগণ উপস্থিত ছিলেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বই প্রদানের জন্য ড. বিমল গুহকে ধন্যবাদ জানান। তিনি বলেন, এটি একটি বিরল দৃষ্টান্ত। মুদ্রণ শিল্পের জন্য দক্ষ মানবসম্পদ সৃষ্টি তথা বিভাগের উন্নয়নে এসব বই কার্যকর ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন।

উল্লেখ্য, প্রিন্টিং এন্ড পাবলিকেশন স্টাডিজ বিভাগের কারিকুলাম অনুযায়ী এসব বই যুক্তরাজ্য থেকে সংগ্রহ করা হয়।

বরেণ্য সংগীত শিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যাকে "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার" প্রদান

দেশের বরেণ্য রবীন্দ্র সংগীত শিল্পী এবং ঢাকা বিশ্ববিদ্যালয় নৃত্যকলা বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক রেজওয়ানা চৌধুরী বন্যাকে "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার" প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয় "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ট্রাস্ট ফান্ড"-এর উদ্যোগে এই পুরস্কার প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ২৭ জুলাই ২০১৭ নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তার হাতে এই স্বর্ণপদক ও পুরস্কার তুলে দেন। প্রয়াত শিল্পী ফিরোজা বেগমের ৯১তম জন্মবার্ষিকী উপলক্ষে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোঃ কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মোঃ দেলোয়ার হোসেন বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন। স্বাগত বক্তব্য দেন এসিআই ফাউন্ডেশনের চেয়ারম্যান এবং ট্রাস্ট ফান্ডের দাতা এম আনিস উদ দৌলা। ধন্যবাদ জ্ঞাপন করেন সংগীত বিভাগের ভারপ্রাপ্ত চেয়ারপার্সন মিসেস টুম্পা সমদ্দার। এ সময় প্রয়াত শিল্পী ফিরোজা বেগমের দুই ছেলে শাফিন আহমেদ ও হামীন আহমেদসহ দাতা পরিবারের সদস্যরা উপস্থিত ছিলেন।

'ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার' লাভ করায় উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক নন্দিত কণ্ঠশিল্পী রেজওয়ানা চৌধুরী বন্যাকে অভিনন্দন জানিয়ে বলেন, অনন্য কণ্ঠশৈলীর মাধ্যমে রবীন্দ্র সংগীতকে তিনি আমাদের জীবনের অনুষঙ্গ করে তুলেছেন। বাংলা সংগীতকে তিনি বিশ্ব দরবারে আরও সমৃদ্ধরূপে উপস্থাপন করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। জঙ্গিবাদমুক্ত সুস্থ সমাজ গঠনে সংগীত চর্চার ওপর গুরুত্বারোপ করে উপাচার্য বলেন, সংস্কৃতমনস্ক মানুষ কখনো জঙ্গিবাদের সঙ্গে সম্পৃক্ত হতে পারে না। প্রয়াত শিল্পী ফিরোজা বেগমের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে তিনি বলেন, কবি কাজী নজরুল ইসলামের কাছ থেকে তিনি সরাসরি সংগীত শিক্ষা লাভ করেন। দেশের সংস্কৃতির বিকাশ ও সাংস্কৃতিক বিবর্তনে তিনি যে অনন্য অবদান রেখে গেছেন, জাতি তা চিরদিন শ্রদ্ধার সঙ্গে স্মরণ করবে। বিদ্রোহী কবির একটি উক্তি উদ্ধৃত করে উপাচার্য বলেন, নির্লোভ স্বভাবই একজন মানুষকে সত্যনিষ্ঠ হতে শেখায়। শিল্পী ফিরোজা বেগমের আদর্শ অনুসরণ এবং তাঁর সাংস্কৃতিক মননের সঙ্গে সংযুক্ত হয়ে সত্যনিষ্ঠ ও উন্নত নৈতিক চরিত্রের অধিকারী হওয়ার জন্য তিনি নতুন প্রজন্মের প্রতি আহ্বান জানান।

উল্লেখ্য, ঢাকা বিশ্ববিদ্যালয় সংগীত বিভাগের ২০১৬ সালের বিএ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় জান্নাতুল ফেরদৌস নীলা "ফিরোজা বেগম স্মৃতি স্বর্ণপদক ও পুরস্কার" লাভ করেন।

প্রসঙ্গত: শিল্পী ফিরোজা বেগম ১৯২৬ সালের ২৮ জুলাই ফরিদপুরে জন্মগ্রহণ করেন এবং ২০১৪ সালের ৯ সেপ্টেম্বর ইন্তেকাল করেন।

কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি পেলেন ৬ কৃতী শিক্ষার্থী

বিএস সম্মান এবং এমএস পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ৬ জন মেধাবী শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন পদক ও বৃত্তি প্রদান করা হয়েছে। এছাড়া, সমকালীন প্রেক্ষাপটে কাজী মোতাহার হোসেন রচনা প্রতিযোগিতায় ৩জন শিক্ষার্থীকে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন পুরস্কার প্রদান করা হয়। উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক গত ৩০ জুলাই ২০১৭ ছাত্র-শিক্ষক কেন্দ্র মিলনায়তনে এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী শিক্ষার্থীদের হাতে পদক ও পুরস্কার তুলে দেন। অধ্যাপক কাজী মোতাহার হোসেনের ১২০তম জন্মবার্ষিকী উপলক্ষে কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশন, পরিসংখ্যান বিভাগ এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউট যৌথ ভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

কাজী মোতাহার হোসেন ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক সন্‌জীদা খাতুনের সভাপতিত্বে অনুষ্ঠানে মফিদুল হক লিখিত 'তিন অধ্যাপক : এক জীবনাদর্শ' শীর্ষক স্মারক বক্তৃতা পাঠ করেন লিয়াকত আলী খান ও আব্দুস সবুর চৌধুরী। অনুষ্ঠানে পরিসংখ্যান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক এম এ জলিল এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের পরিচালক (ভারপ্রাপ্ত) অধ্যাপক ড. মো. ইশরাত রায়হান বক্তব্য প্রদান করেন। অনুষ্ঠান সঞ্চালনা করেন ফাউন্ডেশনের সাধারণ সম্পাদক কাজী রওনাক হোসেন।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক জ্ঞানতাপস অধ্যাপক কাজী মোতাহার হোসেনের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেন, কাজী মোতাহার হোসেন আমাদের মাঝে না থাকলেও তিনি আমাদের চেতনায় এবং আমাদের জাতীয় ঐতিহ্যে অমর হয়ে আছেন। এই ধরণের মানুষ গড়ার কারিগর শুধু দেশে নয় সারা বিশ্বের মানুষের স্মৃতিতে জীবিত থাকেন সর্বদাই। পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের প্রতিষ্ঠাতা কাজী মোতাহার হোসেনের গবেষণাকর্ম জাতীয়ভাবে ও আন্তর্জাতিকভাবে বিশেষ ভূমিকা রেখেছে।

কাজী মোতাহার হোসেন বৃত্তি, সনদ ও বই পেয়েছেন পরিসংখ্যান বিভাগের ৪র্থ বর্ষ বিএস (সম্মান) পরীক্ষায় প্রথম স্থান অধিকারী তাসমিয়া সাদ সুতপা, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের ৪র্থ বর্ষ বিএস (সম্মান) পরীক্ষায় যুগ্মভাবে প্রথম মো. মাইনুল ইসলাম ও রওনাক জাহান তামান্না, কাজী মোতাহার হোসেন পদক পেয়েছেন পরিসংখ্যান বিভাগের এমএস ফাইনাল পরীক্ষায় প্রথম স্থান অধিকারী মো. রেজোয়ান হক, পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের এমএস পরীক্ষায় যুগ্মভাবে প্রথম অভিজিত চন্দ্র অধিকারী ও নাসরিন লিপি। এছাড়া, রচনা প্রতিযোগিতায় পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন পরিসংখ্যান বিভাগের আজমির হোসেন, আওয়াল ইসলাম এবং পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটের আওয়ান আফিয়াজ।

বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল স্বর্ণপদক ও বৃত্তি পেলেন ৬ ছাত্রী

২০১৫ সালের স্নাতক সম্মান পরীক্ষায় অসাধারণ ফলাফল অর্জন করায় ঢাকা বিশ্ববিদ্যালয় বিজনেস স্টাডিজ অনুষদভুক্ত ম্যানেজমেন্ট বিভাগের ছাত্রী নাসরিন আক্তার "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল স্বর্ণপদক" লাভ করেছেন। এছাড়া, বিভিন্ন বিভাগের ৫জন ছাত্রীকে "বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল মেধা বৃত্তি" প্রদান করা হয়েছে। বৃত্তিপ্রাপ্তরা হলেন- মুক্তা চৌধুরী (উইমেন এন্ড জেন্ডার স্টাডিজ বিভাগ), ফারজানা নূর সায়মা (একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগ), ইসমত আরা (উর্দু

বিভাগ), শায়লা আক্তার (ইসলামিক স্টাডিজ বিভাগ) এবং মোছাম্মৎ পারুল আক্তার কেয়া (আন্তর্জাতিক সম্পর্ক বিভাগ)। গত ৮ আগস্ট ২০১৭ বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে কৃতী ছাত্রীদের হাতে স্বর্ণপদক ও বৃত্তির চেক তুলে দেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের ৮৭তম জন্মবার্ষিকী উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মেমোরিয়াল ট্রাস্ট ফান্ডের উদ্যোগে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

অনুষ্ঠানের শুরুতেই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবসহ ১৫ই আগস্টে মর্মান্তিক হত্যাকাণ্ডের শিকার বঙ্গবন্ধুর পরিবারের সদস্যদের প্রতি এবং দেশের ৩০ লাখ শহীদের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক বলেন, ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধুর ঢাকা বিশ্ববিদ্যালয়ে আসার কথা ছিল। কিন্তু ঘাতকরা সেদিনই তাঁকে নির্মমভাবে হত্যা করে। বঙ্গবন্ধুর জীবনাদর্শনকে হত্যা করার লক্ষ্যে এই হত্যাকাণ্ড ঘটানো হয়েছে। তিনি বলেন, বিবেক হচ্ছে সবচেয়ে বড় আদালত। বিবেক থাকলে আদালতে যাওয়ার প্রয়োজন হয় না। মানুষ হিসেবে আমরা চলাফেরা করছি কিন্তু আমাদের বিবেক কাজ করবে না-এটা হতে পারে না। বঙ্গমাতা প্রসঙ্গে উপাচার্য বলেন, বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের বিবেক ছিল অসাধারণ। তিনি ছিলেন বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবনের সহযোদ্ধা। তাঁর আত্মপ্রত্যয়ী, দৃঢ়চেতা, বুদ্ধিদীপ্ত ও দূরদর্শী দৃষ্টিভঙ্গি এবং পরামর্শ জাতির জনক বঙ্গবন্ধুকে জটিল রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করেছে। তিনি আরও বলেন, বঙ্গবন্ধু তাঁর রাজনৈতিক জীবনে দীর্ঘসময় জেলে বন্দী অবস্থায় তার পরিবার, দেশ কারো খোঁজ নিতে পারতেন না। এমন সংকটময় সময়ে বঙ্গমাতা বঙ্গবন্ধুর পক্ষ থেকে দলের নেতাকর্মীদের বিভিন্ন চাহিদা পূরণ করেছেন। তার পরিবারকে দেখাশোনা করেছেন। কখনো হতাশাগ্রস্ত হয়ে পড়েননি। স্বাধীনতার প্রশ্নে তিনি ছিলেন আপোসহীন নারী। দায়িত্ব পালন করতে গিয়ে তিনি তার ঘরের আসবাবপত্র পর্যন্ত বিক্রি করে দিয়েছেন এমন নজিরও আমাদের সামনে আছে। উপাচার্য বঙ্গমাতার জীবন ও কর্ম থেকে শিক্ষা নিয়ে সামনে এগিয়ে যাওয়ার জন্য কৃতী ছাত্রীদের প্রতি আহ্বান জানান। পরিশেষে তিনি স্মারক বক্তা রবীন্দ্র চেয়ার অধ্যাপক মহুয়া মুখোপাধ্যায়কে তাঁর বক্তব্যের জন্য ধন্যবাদ জানান।

"আমার মুক্তির আলোয় আলোয়" শীর্ষক বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব স্মারক বক্তৃতায় রবীন্দ্র অধ্যাপক ড. মহুয়া মুখোপাধ্যায় উনিশ শতককে বাংলার নারী জাগরণের যুগ এবং বিংশ শতককে নারীর আত্মপ্রতিষ্ঠার যুগ হিসেবে উল্লেখ করেন। একইসাথে তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার পর থেকে আজ অবধি মেয়েদের বিভিন্ন ভূমিকার বিষয় উপস্থাপন করেন।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিবের জন্মবার্ষিকী উদ্‌যাপন কমিটির আহ্বায়ক শাহানা নাসরীন এবং ধন্যবাদ জ্ঞাপন ও সমাপনী বক্তব্য প্রদান করেন হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. জাকিয়া পারভীন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ে মোঃ শহীদ উল্লাহ স্বর্ণপদক প্রবর্তন

ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে 'মোঃ শহীদ উল্লাহ স্বর্ণপদক' প্রবর্তন করা

হয়েছে। এই স্বর্ণপদক প্রবর্তনের লক্ষ্যে প্রয়াত মোঃ শহীদ উল্লাহ্‌র স্ত্রী মিসেস হাসিনা আক্তার ১০ লাখ টাকার একটি চেক গত ৩১ জুলাই ২০১৭ উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিকের কাছে হস্তান্তর করেন।

উপাচার্য দফতরে আয়োজিত এই চেক হস্তান্তর অনুষ্ঠানে কলা অনুষদের ডিন অধ্যাপক ড. আবু মোঃ দেলোয়ার হোসেন, তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক ড. মুহাম্মদ মেজবাহ-উল-ইসলাম, অধ্যাপক ড. সাইফুল ইসলাম, কয়েকজন বিভাগীয় শিক্ষক, ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এবং দাতা পরিবারের সদস্যগণ উপস্থিত ছিলেন।

এই ট্রাস্ট ফান্ডের আয় থেকে প্রতিবছর ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগের এমএ ফাইনাল পরীক্ষায় সর্বোচ্চ সিজিপিএ প্রাপ্ত শিক্ষার্থীকে 'মোঃ শহীদ উল্লাহ স্বর্ণপদক' প্রদান করা হবে।

উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক স্বর্ণপদক প্রবর্তনে আর্থিক অনুদানের জন্য দাতাকে ধন্যবাদ জানান। তিনি আশা প্রকাশ করেন, এই অনুদানের ফলে ছাত্র-ছাত্রীরা লেখাপড়ায় আরও উৎসাহিত ও মনোযোগী হবে।

উল্লেখ্য, প্রয়াত মোঃ শহীদ উল্লাহ ১৯৫০ সালের ৩১ ডিসেম্বর নোয়াখালী জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় তথ্য বিজ্ঞান ও গ্রন্থাগার ব্যবস্থাপনা বিভাগে প্রিন্সিপাল ল্যাব ইনস্ট্রাকটর হিসাবে দায়িত্ব পালন করেন। ২০১৬ সালের ২ নভেম্বর তিনি ঢাকায় ইন্তেকাল করেন।

সম্পাদক: মাহমুদ আলম, উপ-পরিচালক (জনসংযোগ), প্রধান প্রতিবেদক: মোঃ রফিকুল ইসলাম পান্না, প্রতিবেদক: তাওহিদা খানম ও মোঃ আবু বকর সিদ্দিক, সম্পাদনা সহকারী: নুরুন্নাহার বেগম ও মোঃ নজরুল ইসলাম, ফটো সাংবাদিক: আনোয়ার মজুমদার, মোঃ জাকির হোসেন ও শুভাশীষ রঞ্জন সরকার। জনসংযোগ দফতর কর্তৃক প্রকাশিত এবং গ্র্যাফোসম্যান রিপ্রোডাকশন এন্ড প্রিন্টিং লি., ঢাকা কর্তৃক মুদ্রিত। ফোন: ৯৬৬১৯০০-৫৯/৪১০২, ০১৭৫৮৪৯২৪১৫